

**তিউনিসিয়া প্রজাতন্ত্র সফরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী
শ্রী এম জে আকবর (ফেব্রুয়ারি ২৬-২৮, ২০১৭)**

ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর তিউনিসিয়া প্রজাতন্ত্রে একটি সরকারি দ্বিপাক্ষিক সফর করবেন, ২৬-২৮ ফেব্রুয়ারি, ২০১৭। সফরকালে মাননীয় মন্ত্রী সাক্ষাৎ করবেন প্রজাতন্ত্রের মহামান্য প্রেসিডেন্ট জনাব বেজি কেইড ইসেবসি, মাননীয় বিদেশমন্ত্রী জনাব খেমাইস ঝিনাইউ, শক্তি, খনি এবং পুনর্বির্করণ শক্তি মন্ত্রকের মাননীয় মন্ত্রী শ্রীমতি হেলা চাইখরৌউছ এবং মাননীয় বিদেশ সচিব জনাব সাবরি বাকটোবজি'র সঙ্গে।

এছাড়াও তিনি চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ইউটিআইসিএ-র দ্বারা আয়োজিত একটি বাণিজ্যিক সভায় মতবিনিময় করবেন, বাণিজ্য এবং বিনিয়োগের সম্ভাবনাময় ক্ষেত্রগুলি চিহ্নিতকরণের ক্ষেত্রে। তিনি তিউনিসিয়া ইনস্টিটিউট অফ স্ট্র্যাটেজিক স্টাডিজ আয়োজিত এক অনুষ্ঠানে ভারতীয় বিদেশনীতি বিষয়ক এক গুরুত্বপূর্ণ ভাষণ দেবেন।

সফরকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী উভয়ের স্বার্থ সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক, আন্তর্জাতিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করবেন, বিশেষ করে সার ক্ষেত্রে সহযোগিতা আরও মজবুত করার বিষয়টি নিয়ে আলোচনা হবে; ভারত ও তিউনিসিয়ার মধ্যে অত্যন্ত আন্তরিক দ্বিপাক্ষিক সম্পর্ক বিদ্যমান। সার ক্ষেত্রে ভারতের বিনিয়োগের দ্বারা দু'দেশের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা গভীরতর। এই সফর ভারত ও তিউনিসিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও মজবুত করবে।

নয়াদিল্লি

ফেব্রুয়ারি ২৩, ২০১৭